# উপজেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট

**বিষয়** : **উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের মাসিক সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী।**

**সভাপতি** : **মো: কামরুজ্জামান সুজন**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

তারিখ : ৩১/০৭/২০২৪খ্রি.

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমনিরহাট সদর

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যসহ মাননীয় সংসদ সদস্য, ১৮ লালমনিরহাট- অ্যাডভোকেট মতিয়ার রহমান কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ২২/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও প: প: অফিস | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে এ উপজেলার ৩৮টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সপ্তাহে ০৬ (ছয়)দিন সকাল ৯.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত ২৭ প্রকার ঔষধ বিতরণ, ০৪টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে সপ্তাহে ৬ (ছয়) দিন জনসাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রয়েছে এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে ২১৬ টি টিকাদান কেন্দ্রে মা, শিশু ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা প্রদানের পাশাপাশি সকল কার্যক্রম প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করা হচ্ছে। তিনি সভায় আরো জানান যে, বর্তমানে আবহাওয়ার বৈরিতার কারণে বিশেষ করে বয়স্ক ও শিশুরা নিউমোনিয়া, হাপানি রোগসহ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। অসুস্থ হলে বাড়িতে বিলম্ব না করে ডাক্তারের পরামর্শ গ্রহণ করতে হবে। প্রয়োজন অনুযায়ী হাসপাতালে ভর্তি করতে হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ১) এ উপজেলার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য কর্মীদের টিকাদান কেন্দ্রে মা, শিশু-কিশোর ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদানের পাশাপাশি সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>২) ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্যকর্মীদের কার্যক্রম মনিটরিংসহ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো পরিদর্শন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ০২ | কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, খরিপ-২ মৌসুমে ২০২৩-২০২৪ অর্থ বছর আন ধান কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ১৫০০জন কৃষকের মাঝে বীনামূল্যে প্রণোদনার সার ও বীজ ইতোমধ্যেই বিতরণ করা হয়েছে। এ উপজেলায় আমনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৬,৫৫০হে. এবং অর্জিত হয়েছে ১৫,৫৫০ হেক্টর। ১০টি আমন প্রদর্শনী মাঠ পর্যায়ে স্থাপন করা হয়েছে। পারিবারিক পুষ্টিবাগান স্থাপনের জন্য ৩০৯টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে এ উপজেলায় ১১ জন বিসিআইসি সার ডিলার কর্তৃক সার উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক এবং অত্র উপজেলায় সারের সংকট নেই। বর্তমানে মাঠ পর্যায়ের ২৮টি ব্লকের মধ্যে ২৫ জন উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত মাঠ ফসল পরিদর্শন এবং কৃষক পর্যায়ে পরামর্শ প্রদান করছেন। | ১) চলতি খরিপ-২ মৌসুমে বিতরণকৃত কৃষি প্রণোদনার সার, বীজ যথাযথভাবে মাঠ পর্যায়ের কৃষরা যেন রোপন/চাষাবাদ করেন এ বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মনিটরিং বৃদ্ধি কতে হবে।<br><br>২) সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

চলমান পাতা-০২

CamScanner

<table>
<tr><td>০৩</td><td>প্রাণি সম্পদ অফিস</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে মাঠ পর্যায়ে কিছু কিছু জায়গায় গবাদি পশুর লাম্পি স্কিন রোগের প্রাদুর্ভাব দেখা দিচ্ছে। এটি মুলত মশাবাহিত একটি রোগ। আক্রান্ত পশুকে অন্যান্য পশু থেকে আলাদা করে রাখতে হবে এবং মশারির মধ্যে রাখতে হবে। এ বিষয়ে মাঠ পর্যায়ে খামারিদের সচেতনতামূলক পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া তিনি নিম্নোক্তভাবে তার বিভাগের বিভিন্ন কার্যক্রমের অর্জনের হার সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র:নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>চলতি মাসের অগ্রগতি</th></tr>
<tr><td rowspan="2">০১</td><td>ক) টিকা প্রদান গবাদি পশু</td><td>৬১১২টি</td></tr>
<tr><td>খ) টিকা প্রদান হাঁস মুরগি</td><td>৭২৬০০টি</td></tr>
<tr><td rowspan="2">০২</td><td>ক) গবাদি পশু চিকিৎসা</td><td>২৭৫৮টি</td></tr>
<tr><td>খ) হাঁস মুরগী চিকিৎসা</td><td>১২৮০০টি</td></tr>
<tr><td>০৩</td><td>কৃত্রিম প্রজনন (হিমায়িত)</td><td>৭০০টি</td></tr>
<tr><td>০৪</td><td>সংকর জাতের বাছুর উৎপাদন</td><td>২৯৬টি</td></tr>
<tr><td>০৫</td><td>গবাদিপশুর নমুনা প্রেরণ</td><td>০৯টি</td></tr>
<tr><td>০৬</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৫টি</td></tr>
<tr><td>০৭</td><td>ভেটেরিনারি মেডিকেল ক্ ্যাম্প স্থাপন</td><td>০২টি</td></tr>
</table>
এছাড়া বিভাগের অন্যান্যা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td><td>মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা</td></tr>
<tr><td>০৪</td><td>মৎস্য অফিস</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, গত ৩০ জুলাই ২০২৪ হতে ০৫ আগস্ট/২০২৪ পর্যন্ত জাতীয় মৎস্য সাপ্তাহ পালিত হচ্ছে। তিনি সভায় নিম্নোক্তভাবে তার দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>মৎস্য চাষীকে পরামর্শ প্রদান</td><td>২০জন</td></tr>
<tr><td>০২</td><td>মৎস্য চাষীর খামার পরিদর্শন</td><td>১৫টি</td></tr>
<tr><td>০৪</td><td>মৎস্য চাষীর পুকুরের পানির গুনাগুণ পরীক্ষা</td><td>২০টি</td></tr>
<tr><td>০৫</td><td>মৎস্য বাজার ও আড়ত পরিদর্শন</td><td>১২টি</td></tr>
<tr><td>০৬</td><td>বিভিন্ন অভিযান</td><td>০৩টি</td></tr>
</table>
এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>১) মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ চাষে চাষিদের উদ্বুদ্ধ করতে হবে। অবৈধ পদ্ধতিতে দেশীয় মাছ শিকাররোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।</td><td>সি: উপজেলা মৎস্য কর্মকর্তা</td></tr>
<tr><td>০৫</td><td>প্রাথমিক শিক্ষা অফিস</td><td>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, দেশের সাম্প্রতিক পরিস্থিতি বিবেচনায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তবে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>সরকারি সিদ্ধান্ত অনুযায়ী বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>০৬</td><td>মাধ্যমিক শিক্ষা অফিস</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দেশের সাম্প্রতিক পরিস্থিতি বিবেচনায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তবে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>সরকারি সিদ্ধান্ত অনুযায়ী বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।</td></tr>
<tr><td>৭</td><td>পরিবার পরিকল্পনা অফিস</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।</td><td>আগামী সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
</table>

চলমান পাতা-০৩

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | প্রকৌশল অফিস | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের মৌখিক নির্দেশে উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে ব্যবহার উপযোগী আসবাবপত্র (চেয়ার-টেবিল) না থাকায় সরবরাহের নিমিত্ত ৩০০,০০০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় বর্ণিত প্রাক্কলন অনুযায়ী প্রয়োজনীয় অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের অনুমোদনের অনুরোধ জানান।<br><br>(খ) সভায় চেয়ারম্যান রাজপুর ইউনিয়ন পরিষদ জানান যে, রাজপুর ইউনিয়ন পরিষদের পুরাতন পরিত্যাক্ত ভবনটি ঝুকিপুর্ন অবস্থায় আছে। ভবনটি যে কোন সময় ধসে পড়ার আশংকা রয়েছে। দ্রুত নিলামের মাধ্যমে অপসারণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষের জন্য আসবাবপত্র সরবরাহের নিমিত্ত উপস্থাপিত ৩০০,০০০/- টাকার প্রাক্কলন উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের অনুমোদনসহ আরএফকিউ প্রক্রিয়ায় বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে পরবর্তী জরুরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br><br>(খ) রাজপুর ইউনিয়নের পুরাতন পরিত্যাক্ত ভবনটি ঝুকিপূর্ণ হওয়ায় জরুরী ভিত্তিতে বিধিমোতাবেক নিলামের মাধ্যমে অপসারনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা প্রকৌশলী/ চেয়ারম্যান রাজপুর ইউপি |
| ৯ | ত্রাণ অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ইজিপিপি কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে এবং বীর নিবাস নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিতকরাসহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | বিধিমোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ও এমএস কার্যক্রম নিয়মিতভাবে তদারকি করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | এ উপজেলার প্রতিটি ইউনিয়নে মোট কতজন বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতাভোগী রয়েছে তার নামের তালিকা প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | বিধিমোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ভোটার আইডি কার্ডের বয়স এবং নাম সংশোধনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ১৩ | শিক্ষা প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| ১৪ | বন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | এ উপজেলায় অবৈধ করাতকলগুলোর তালিকা করে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ফরেস্টার, বন বিভাগ |
| ১৫ | বিআরডিবি অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সার্টিফিকেট মামলাগুলো নিস্পত্তির ব্যবস্থা করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৬ | মহিলা বিষয়ক অধিদফতর অফিস | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রতিনীধি সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদফতর, লালমনিরহাট |
| ১৭ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অফিস | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

চলমান পাতা-০৪

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | যুব উন্নয়ন অধিদপ্তর অফিস | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী ঋণ বিতরণ এবং আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান ফিসার |
| ২০ | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার, লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী ঋণ বিতরণ এবং আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ২১ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাঠ পর্যায়ে আনসার ভিডিপি কর্মীদের বাল্য বিবাহ, নারি ও শিশু নির্যাতন প্রতিরোধে তথ্যের সোর্স হিসেবে কাজ করতে হবে। কোথাও কোন অপ্রীতিকর পরিস্থিতি/গুজবের সৃষ্টি হলে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসার ও পুলিশ প্রশাসনক জানাতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২২ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ অফিস | সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে বরেন্দ্র কর্তৃক সেচ পাম্পগুলো যেন সচল থাকে তা সরজমিনে তদারকি করতে হবে। | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ২৩ | তথ্য আপা প্রকল্প অফিস | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ডোর টু ডোর সেবা প্রদান কার্যাবলী এবং উঠান বৈঠকে বালবিবাহ, নারী ও শিশু নির্যাতন, মাদক বিরোধী এজেন্ডা অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প |
| ২৫ | প্যানেল চেয়ারম্যান গঠন | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ১৫ অনুচ্ছেদে মোতাবেক দুই সদস্য বিশিষ্ট একটি চেয়ারম্যানের প্যানেল নির্বাচন করা প্রয়োজন। অত:পর সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় কণ্ঠভোটের মাধ্যমে প্যানেল চেয়ারম্যান-১ হিসেবে ভাইস চেয়ারম্যান এবং প্যানেল চেয়ারম্যান-২ হিসেবে মহিলা ভাইস চেয়ারম্যানকে নির্বাচন করা হয়। | উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ১৫ অনুচ্ছেদ মোতাবেক নিম্নরূপ দুই সদস্য বিশিষ্ট চেয়ারম্যান প্যানেল গঠন করা হয়। প্যানেল চেয়ারম্যান-১ হিসেবে ভাইস চেয়ারম্যান এবং প্যানেল চেয়ারম্যান-২ হিসেবে মহিলা ভাইস চেয়ারম্যান দায়িত্ব পালন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় ইউডিএফ জানান যে, উপজেলা পরিষদ (সংশোধন) আইন ২০১১ এর ২৯ নং অনুচ্ছেদ মোতাবেক পরিষদের কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের নিমিত্ত ২ বছর ৬ মাস মেয়াদে ১৭টি কমিটি গঠন করা প্রয়োজন। যার সভাপতি হিসেবে দুই ভাইস চেয়ারম্যানগণ দায়িত্ব পালন করবেন। কমিটিসমূহের সদস্য-সচিব হবেন সংশ্লিষ্ট বিভাগের উপজেলা অফিসার বা উপজেলা পরিষদ কর্তৃক নির্ধারিত একজন কর্মকর্তা। তিনি সভায় বর্ণিত কমিটি গঠনের প্রস্তাব করেন। | উপজেলা পরিষদ (সংশোধন) আইন ২০১১ এর ২৯ নং অনুচ্ছেদ মোতাবেক পরিষদের কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের নিমিত্ত ২বছর ৬মাস মেয়াদে ১৭টি কমিটি পরিশিষ্ট "খ" মোতাবেক গঠন করা হলো। বর্ণিত কমিটিকে প্রতি দুই মাসে অন্তত একটি সভা করে সভার কার্যবিবরণী উপজেলা পরিষদ এর পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান/ সংশ্লিষ্ট সদস-সচিব |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: কামরুজ্জামান সুজন)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

চলমান পাতা-০৫

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট
sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২৫৫.০০০.০৫.০৭৪.২৩ - ৮৪৭ (৪০) তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩১ / ১৪ আগস্ট ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. মাননীয় সংসদ সদস্য, ১৮-লালমনিরহাট-৩ লালমনিরহাট সদর, লালমনিরহাট
০২. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর
০৩. জেলা প্রশাসক, লালমনিরহাট
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৭. উপজেলা.............................অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৮. জনাব...............................লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৯. সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর। তাকেঁ (সভার কার্যবিবরনীটি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ ক
হলো)।

২৪/০৮/২০২৪

(জান্নাতআরা ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৫ (অফিস)
unolalmonirhat@mopa.gov.bd

২৪/৮/২৪